# প্রশিক্ষণ সংক্রান্ত পরামর্শ

ভ্রাম্যমান প্রশিক্ষণে উপজেলা সমবায় অফিসার এবং জেলা সমবায় পটুয়াখালী মহোদয় কি এবং কেন সমবায় করবেন এ বিষয়ে পরামর্শ প্রদান করেন। প্রশিক্ষকবৃন্দ সমিতির সার্বিক কল্যানে কাজ করার সহযোগিতা, সমবায় সমিতির রেকর্ডপত্র সংক্ষণ, হিসাব বিবরণী প্রস্তুতকরণ ও অডিট সম্পাদনে সমিতির কর্তৃপক্ষের দায়িত্ব সম্পর্কে আলোচনা করেন এবং পরামর্শ প্রদান করেন। সমিতির কার্যক্রম সমবায় আইন ও বিধি অনুযায়ী পরিচালনা করার জন্য অনুরোধ করেন। উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা হাঁস, মুরগী, গরু, ছাগল ও গৃহপালিত পশু পালনের জন্য খামার তৈরির কর্মকৌশল প্রনয়ন সম্পর্কে পরামর্শ প্রদান করেন। উপজেলা মৎস্য কর্মকর্তা উৎপাদন বৃদ্ধির মাধ্যমে সমবায় সমিতির সদস্যদের আত্ম-কর্মসংস্থান সৃষ্টির বিষয়ে পরামর্শ প্রদান করেন। উপজেলা কৃষি কর্মকর্তা আধুনিক কৃষি উপকরণ যেমন সার, বীজ, কীটনাশক ইত্যাদির সুষ্ঠু ব্যবহার বিষয়ক ধারনা ও বাড়ির আঙ্গিনায় শাক-সবজি ফলমুল চাষ করে আয় বৃদ্ধি করার পরামর্শ প্রদান করেন। সমবায় সম্পের্কে সমবায়ীদের সমবায় সমিতি করে কি ভাবে স্বাবলম্বী হওয়া যায় সেই সম্পর্কে পরামর্শ ও ধারনা দেন। প্রশিক্ষকবৃন্দ সমবায় সমিতির রেকর্ড সংরক্ষণ ও হিসাব বিবরণী প্রস্তুতকরণ ও অডিট সম্পাদনে সমিতির কর্তৃপক্ষের দায়িত্ব সম্পর্কে আলোচনা করেন এবং সুন্দর ভাবে সমিতি পরিচালনা করার পরামর্শ প্রদান করেন।

(মুশফিকা আক্তার তুলি)
উপজেলা সমবায় অফিসার
দুমকী, পটুয়াখালী।